# পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ ষষ্ঠ অধ্যায় - ঈশ্বর ও নবীগণ বিষয়ক অশোভনীয়তা

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ৬. ১. ২৯. ৫. উলঙ্গতার বিপক্ষে অথবা পক্ষে

হিজরত/ যাত্রাপুস্তক ২০/২৬: "আর আমার কোরবানগাহ্র উপরে সিঁড়ি দিয়ে উঠবে না, তা করলে হয়তো তার উপরে তোমার নগ্নতা প্রকাশ পাবে।"

এ কথা থেকে জানা গেল যে, ঈশ্বর পুরুষের উলঙ্গতাও পছন্দ করেন না, নারীর উলঙ্গতা তো দূরের কথা। কিন্তু যিশাইয় ৩/১৭: "অতএব প্রভু সিয়োনের (Zion) কন্যাগণের ... গুহ্যস্থান অনাবৃত করিবেন (the LORD will discover their secret parts)। যিশাইয় ৪৭/১-৩: "হে অনূঢ়া বাবিল-কন্যে, ...হে কল্দীয়দের কন্যে, ... তোমার ঘোমটা খুল, পদের বস্ত্র তুল, জঙ্ঘা অনাবৃত কর, পদব্রজে নদনদী পার হও। তোমার নগ্নতা প্রকাশিত হইবে, হাঁ, তোমার লজ্জার বিষয় দৃশ্য হইবে; আমি প্রতিশোধ দিব, কাহারও অনুরোধ মানিব না।"

তাহলে কি ঈশ্বর পুরুষের উলঙ্গতা অপছন্দ করেন কিন্তু নারীর উলঙ্গতা প্রকাশ করতে আগ্রহী?

Source — https://www.hadithbd.com/books/link/?id=14301

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন